



পারিবারিক সহিংসতা এবং সঙ্গী ভিসাসমূহ

সঙ্গী ভিসাধারীদের অস্ট্রেলিয়াতে অবস্থান করার জন্য অবমাননাকর সম্পর্কের মাঝে থাকতে হবে না।

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা গ্রহণযোগ্য নয়।

আপনার সঙ্গী, পরিবারের সদস্যরা অথবা সমাজের অন্য কোন ব্যক্তি আপনার ভিসা স্ট্যাটাসকে হুমকির সম্মুখীন করতে পারেন না।

যদি আপনি অস্থায়ী সঙ্গী ভিসা (সাবক্লাস 300, 309 বা 820) ধারী হন এবং পারিবারিক সহিংসতার শিকার হয়ে থাকেন ও সম্পর্ক শেষ হয়ে যায়, তাহলে অস্ট্রেলিয়ার অভিবাসী আইনে বিধান রয়েছে আপনার স্থায়ী সঙ্গী ভিসার (উপশ্রেণী 100 বা 801) আবেদনপত্র চালিয়ে যাওয়ার।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাক্রান্ত হলে **000** নাম্বারে পুলিশকে ডাকুন।
অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও সহায়তার জন্য **1800 RESPECT**-এ **1800 737 732** নাম্বারে ফোন করুন।

যদি আপনার বিনামূল্যে একজন দোভাষী প্রয়োজন হয় তাহলে **131 450** নাম্বারে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা সহ্য করে না।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা আইন বিরুদ্ধ অপরাধ। নারী পুরুষ-নির্বিশেষে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতাকারী ব্যক্তি কারণে যেতে পারেন।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা হলো পুরুষ বা নারী সঙ্গীকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে তাকে নিরাপত্তা বা কল্যাণের ভয় দেখানোর জন্য আচরণ করা বা হুমকি দেয়া।

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার শিকার হওয়া যে কেউ সহায়তা পরিষেবা থেকে সাহায্য পেতে পারেন।

আপনার ভিসা বা অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন আপনি সাহায্য পেতে পারেন।

আপনার সম্পর্ক টিকে আছে নাকি শেষ হয়ে গেছে তা কোনো ব্যাপারই নয় – তারপরেও আপনি সাহায্য পেতে পারেন।

1800 RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শদাতা সেবা (Australia's National Sexual Assault, Family and Domestic Violence Counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নাম্বারে কল করুন অথবা **1800 RESPECT**-এর ওয়েবসাইট www.1800RESPECT.org.au এ যান।

আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

অনুবাদ এবং দোভাষী সেবা (টিআইএস) (Translating and Interpreting Service) পেতে বিনামূল্যে **131 450** নাম্বারে ফোন করুন। টিআইএস আপনাকে অন্যান্য পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করবে। টিআইএস কাউন্সেলিং প্রদান করে না।

পারিবারিক সহিংসতার বিধান সম্পর্কে আরো তথ্যের জন্য:

অভিবাসন ও সীমান্ত সুরক্ষা বিভাগের (Department of Immigration and Border Protection) ওয়েবসাইট www.border.gov.au এর factsheet 38-এর লিংক অনুসরণ করুন।